রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৪ সনের ২৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৪, ২০২৪

সূচীপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৩১—৩৫৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০১৭—১০৭২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬১৭—৬৫৫ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জাতীয় রাজস্ব বোর্ড

[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড]

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ২৮ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/১১ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৭/২০২৪/কাস্টমস/৮৬**—The Customs Act, 1969, (Act-IV of 1969) এর Section-11এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে চট্টগ্রাম জেলার মধ্য হালিশহর মৌজার নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে কাস্টমস বন্ডেড ওয়্যারহাউজিং ষ্টেশন (Warehousing Station) হিসেবে ঘোষণা করছে, যথাঃ

| মৌজা | জে এল নং | শিট | দাগ নম্বর | জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| মধ্য হালিশহর | ০১ | ১১ ও ৮ | ১৫০৫৩, ১৫০৫৪, ১৫০৫৫, ১৫০৫৬, ১৫০৫৭, ১৫০৫৮, ১৫০৫৯, ১৫০৬০, ১৫০৬১ (অংশ), ১৫০৬২ (অংশ), ১৫০৬৮, ৯২৭১ (অংশ), এবং ৯২৭৬ (অংশ), | ২১.২৯ একর |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

নং **০৮/২০২৪/কাস্টমস/৮৯**—The Customs Act, 1969, (Act-IV of 1969) এর Section-11এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে চট্টগ্রাম জেলার উত্তর কাট্টলী মৌজার নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে কাস্টমস বন্ডেড ওয়্যারহাউজিং ষ্টেশন (Warehousing Station) এলাকা হিসেবে ঘোষণা করছে, যথাঃ

| জেলা | মৌজা | জে এল নং | শিট | দাগ নম্বর | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| চট্টগ্রাম | উত্তর কাট্টলী | ০১ | ০৩ | ৭২৯০,৭২৯১,৭২৯২,৭২৯৩,৭২৯৪,৭২৯৫,৭২৯৬ (অংশ), ৭৩০২ (অংশ), ৭৩০৩,৭৩০৪, ৭৩০৫,৭৩০৬, (অংশ), ৭৩০৮, ৭৩০৯, ৭৩১০ (অংশ), ৭৩১১ (অংশ), ৭৩১২ (অংশ) ও বি. এস. দাগ নং- ৮২২২, ৮২২৩, ৮৭২৩, ৮৭৩২ | ২১.৩৮ একর |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এইচ এম আহসানুল কবীর**

দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ মাঘ, ১৪৩০ /১১ ফেব্রুয়ারি, ২০২৪

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭.২৫**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১১ ও ১২ অনুযায়ী জনাব মোঃ আকরাম-আল-হোসেন, অবসরপ্রাপ্ত সিনিয়র সচিব-কে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে ইতঃপূর্বে গত ১৭ ডিসেম্বর ২০২৩ তারিখে জারীকৃত আদেশ সংশোধনপূর্বক তাঁকে দ্বিতীয় মেয়াদে ০২ (দুই) বছরের পরিবর্তে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**

উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ পৌষ, ১৪৩০ /২৫ জানুয়ারি, ২০২৪

নং-৪০.০০.০০০০.০১৬.৩৪.০১১.১৯.২৪—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জসস্বার্থে "Breeder's Association of Bangladesh" এসোসিয়েশন-এর **কাজী ফার্মস লিমিটেড** কুমিল্লা, চট্টগ্রাম, নরসিংদী, বগুড়া, ময়মনসিংহ, মুন্সিগঞ্জ, মৌলভীবাজার, যশোর, রংপুর, সিরাজগঞ্জ, গোপালগঞ্জ, গাজীপুর, বরিশাল, টাঙ্গাইল, দিনাজপুর, জেলাসহ ১৫ (পনের) টি জেলা কার্যালয়সমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০২(২), ১০৩ এবং ১০৫ এর বিধানসমূহের প্রয়োগ হইতে ২৬ নভেম্বর ২০২২ তারিখ থেকে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য অব্যহতি প্রদান করিল:

**শর্তাবলি ঃ**

১। অতিরিক্ত কাজের জন্য স্বভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করিতে হইবে;

২। কোনো শ্রমিককে তাহার সম্মতি ব্যতীত কোনো কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার বেশি সময় কাজ করানো যাইবে না;

৩। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৪ এর শর্তের আলোকে সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৬। প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক এসোসিয়েশনভুক্ত প্রতিষ্ঠানসমূহে অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল স্থাপন করিতে হইবে;

৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

৮। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারি সিদ্ধান্ত/ নির্দেশাবলি পরিপালন করিতে হইবে;

৯। প্রযোজ্য ক্ষেত্রে "পশু রোগ বিধিমালা-২০০৮" এবং "জাতীয় পোল্ট্রি উন্নয়ন নীতিমালা-২০০৮" এর সংশ্লিষ্ট বিধি ও নীতি অনুসারে শ্রমিকদের জন্য আবাসন ও কোয়ারেন্টাইন ব্যবস্থা নিশ্চিত থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**

উপসচিব।

---

**সংস্থাপন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৪ মাঘ, ১৪৩০ /০৭ ফেব্রুয়ারি, ২০২৪

নং **৪০.০০.০০০০.০২০.৯৯.০০১.১৮-৬৬**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধনী, ২০১৮) এর ধারা ৩১৭(২) অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম অধিদপ্তরের অধীনস্ত দপ্তরসমূহের কার্যক্রম সম্পাদনের নিমিত্ত কর্মক্ষেত্র বা এলাকা বা অধিক্ষেত্র নিম্নরূপভাবে নির্ধারণ করে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলোঃ

| ক্র/নং | দপ্তরের নাম | অধিক্ষেত্র/অধীনস্থ দপ্তরসমূহ | নিয়ন্ত্রণাধীন জেলাসমূহ |
|---|---|---|---|
| ১ | শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা | বাংলাদেশের সকল বিভাগীয় শ্রম দপ্তর ও আঞ্চলিক শ্রমদপ্তর | |
| ২ | বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা | বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা | ঢাকা |
| | | | গাজীপুর |
| | | | মানিকগঞ্জ |
| | | | টাঙ্গাইল |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, ময়মনসিংহ | ময়মনসিংহ |
| | | | কিশোরগঞ্জ |
| | | | শেরপুর |
| | | | নেত্রকোনা |
| | | | জামালপুর |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, ফরিদপুর | ফরিদপুর |
| | | | রাজবাড়ী |
| | | | গোপালগঞ্জ |
| | | | শরিয়তপুর |
| | | | মাদারীপুর |
| ৩ | বিভাগীয় শ্রম দপ্তর, নারায়ণগঞ্জ | বিভাগীয় শ্রম দপ্তর, নারায়ণগঞ্জ | মুন্সিগঞ্জ |
| | | | নারায়ণগঞ্জ |
| | | | নরসিংদী |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, কুমিল্লা | কুমিল্লা |
| | | | চাঁদপুর |
| | | | লক্ষীপুর |
| | | | নোয়াখালী |
| | | | ফেনী |

| ক্র/নং | দপ্তরের নাম | অধিক্ষেত্র/অধীনস্থ দপ্তরসমূহ | নিয়ন্ত্রণাধীন জেলাসমূহ |
|---|---|---|---|
| ৪ | বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম | বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম | চট্টগ্রাম |
| | | | বান্দরবান |
| | | | কক্সবাজার |
| | | | রাঙামাটি |
| | | | খাগড়াছড়ি |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট | সিলেট |
| | | | সুনামগঞ্জ |
| ৫ | বিভাগীয় শ্রম দপ্তর, রাজশাহী | বিভাগীয় শ্রম দপ্তর, রাজশাহী | রাজশাহী |
| | | | চাঁপাইনবাবগঞ্জ |
| | | | নাটোর |
| | | | পাবনা |
| | | | নওগাঁ |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর | রংপুর |
| | | | নীলফামারী |
| | | | কুড়িগ্রাম |
| | | | লালমনিরহাট |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, বগুড়া | বগুড়া |
| | | | গাইবান্ধা |
| | | | জয়পুরহাট |
| | | | সিরাজগঞ্জ |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, দিনাজপুর | দিনাজপুর |
| | | | ঠাকুরগাঁও |
| | | | পঞ্চগড় |
| ৬ | বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা | বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা | খুলনা |
| | | | সাতক্ষীরা |
| | | | যশোর |
| | | | বাগেরহাট |
| | | | মাগুড়া |
| | | | নড়াইল |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, বরিশাল | বরিশাল |
| | | | ঝালকাঠি |
| | | | পিরোজপুর |
| | | | পটুয়াখালী |
| | | | বরগুনা |
| | | | ভোলা |
| | | আঞ্চলিক শ্রম দপ্তর, কুষ্টিয়া | কুষ্টিয়া |
| | | | চুয়াডাঙ্গা |
| | | | ঝিনাইদহ |
| | | | মেহেরপুর |
| ৭ | বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | মৌলভীবাজার |
| | | | হবিগঞ্জ |
| | | | বি-বাড়িয়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুন নাহার**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.।

নং **২৫.০০.০০০০.০১৩.২৭.০০১.১০-১২**—যেহেতু, জনাব উৎপল কুমার দে, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল গণপূর্ত জোন, বরিশাল [প্রাক্তন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা] এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর মামলা নং-০২; তারিখ: ০৫/০৮/২০২০ এ দুর্নীতি দমন কমিশন কর্তৃক দাখিলকৃত দুর্নীতি দমন কমিশন , সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর অভিযোগপত্র (চার্জশীট) নং ১১৭; তারিখ: ২১/০৮/২০২৩ বিজ্ঞ আদালত কর্তৃক গত ১০/১০/২০২৩ তারিখে গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব উৎপল কুমার দে-কে সরকারি কর্মচারী আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৩৯(২) অনুযায়ী ১০/১০/২০২৩ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী ওয়াছি উদ্দিন**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৫ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১১.২৩-৮৫**—যেহেতু, জনাব নন্দন কান্তি ধর (বিপি-৭৪০০০৭৬২৯৩), বর্তমানে অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখা, সুনামগঞ্জ ইতঃপূর্বে তাহিরপুর থানার অফিসার ইনচার্জ থাকাকালীন জেলা বিশেষ শাখা, সুনামগঞ্জ এর স্মারক নং-২৩/১৮, তারিখ: ০৭.০১.২০১৮ মূলে মোঃ সাইফুল ইসলামকে ৩৬তম বহিরাগত ক্যাডেট এস আই(নিঃ) পদে যোগদানের নিমিত্তে ভিআর তদন্তের আদেশ প্রাপ্ত হন। ভিআর তদন্তকারী কর্মকর্তা নিরস্ত্র পুলিশ পরিদর্শক, জনাব নন্দন কান্তি ধর এর নিকট উক্ত এলাকার লোকজন তাদের এলাকার ছেলের চাকরি হওয়ার সুবিধার্থে বিবাহের বিষয়টি তদন্তকালে গোপন রেখেছেন। ভিআর প্রার্থীর বাড়ি সুনামগঞ্জ জেলার তাহিরপুর থানাধীন উত্তর বড়দল ইউনিয়নের আমতৈল সাকিনে ও যাকে বিবাহ করেছেন (স্ত্রী সুফিয়া আক্তার) তার বাড়ী একই থানাধীন হলহলিয়া গ্রামে। ভিআর প্রার্থী মোঃ সাইফুল ইসলাম গোপনে বিবাহের কাবিন করায় ও ভিআর তদন্তের সময়সীমা কম থাকায় এবং তিনি অন্য ইউনিয়নে (দক্ষিণ বড়দল ইউনিয়ন) অবস্থিত কাজী অফিসে বিবাহ করার কারণে অন্তবর্তীকালীন সময়ে ভিআর প্রার্থীর বিবাহের বিষয়ে তথ্য উদঘাটিত হয়নি। এছাড়া ভিআর প্রার্থী মোঃ সাইফুল ইসলাম বিভাগীয় মামলা তদন্তের সময় তার জবানবন্দিতেও তার বিবাহের বিষয়টি গোপন রেখেছিলেন মর্মে স্বীকার করেছেন। নিরস্ত্র পুলিশ পরিদর্শক, জনাব নন্দন কান্তি ধর কর্তৃক মোঃ সাইফুল ইসলামকে ৩৬ তম বহিরাগত ক্যাডেট এসআই (নিঃ) পদে যোগদানের নিমিত্তে অবিবাহিত ঘোষণা করতঃ ভিআর তদন্ত প্রতিবেদন তাহিরপুর থানার স্মারক নং-৮৭, তারিখ: ১০.০১.২০১৮ মূলে পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, সুনামগঞ্জ বরাবর প্রেরণ করেন। নিরস্ত্র পুলিশ পরিদর্শক, জনাব নন্দন কান্তি ধর একজন পুলিশ কর্মকর্তা হিসেবে ভিআর তদন্তকালে বিবাহের বিষয়টি গোপনে তদন্ত করা উচিত ছিল, কিন্তু তিনি তা করেননি। তার এমন কৃতকর্ম দায়িত্বহীনতার পরিচয় বহন করে এবং এতে সন্দেহাতীতভাবে তার অদক্ষতা প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে ''০৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত'' এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ২০.০৯.২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, জনাব নন্দন কান্তি ধর (বিপি-৭৪০০০৭৬২৯৩), বর্তমানে অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখা, সুনামগঞ্জ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক ''০৩(তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত'' লঘুদণ্ডের আদেশ বহাল রাখা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৭২.২১-৮৬**—যেহেতু, পুলিশ পরিদর্শক জনাব মোঃ বদরুদ্দোজা (বিপি-৬৯৯৩১০০৩১০), বর্তমানে টিডিএস, ঢাকা হতে বাধ্যতামূলক অবসর এর আদেশপ্রাপ্ত ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, আত্রাই থানা, নওগাঁয় কর্মরত থাকাকালে রাজশাহী রেঞ্জ ডিআইজি নভেম্বর ২০২১ মাসের মাসিক কনফারেন্সের রেজুলেশনের ১৭ নং ক্রমিকের সুস্পষ্ট নির্দেশনা ''কোন অভিযোগ থানায় আসলে তা আইনানুগ প্রক্রিয়া অনুসরণ করে সমাধান করতে হবে। কোনো জিডি বহিতে লিপিবদ্ধ না করে বেআইনী প্রক্রিয়া হতে কোনো অফিসারকে পাঠিয়ে তা সমাধান করা থেকে বিরত থাকতে হবে এবং কমিউনিটি পুলিশিং এর মাধ্যমে দু-পক্ষকে মীমাংসা করার চেষ্টা করবেন, তবে কোনভাবেই থানায় বিচার করা যাবে না'' এর সুস্পষ্ট নির্দেশনা অমান্য করে আদম ব্যবসা সংক্রান্ত অভিযোগ বেআইনী প্রক্রিয়ায় বিচার সালিশ করে উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য করেছেন। এছাড়া আদম ব্যবসা সংক্রান্তে অভিযোগ বা সালিশী সংক্রান্ত বিষয় তিনি থানায় জিডিতে নোট দেননি যা জুন-জুলাই ২০১৭ মাসের পরিসংখ্যান প্রতিবেদন পর্যালোচনায় প্রমাণিত হয়, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে অসদাচরণের সামিল। তিনি ইতঃপূর্বে অফিসার ইনচার্জ হিসেবে নওগাঁ জেলার আত্রাই থানায় কর্মরত থাকাকালে ০৯.০৩.২০১৬ তারিখ হতে ২২.১০.২০১৭ তারিখ পর্যন্ত আত্রাই থানা এলাকায় আদম ব্যবসা সংক্রান্তে অভিযোগ আইন বর্হিভূতভাবে বিভিন্ন পুলিশ অফিসারদের মাধ্যমে বিচার সালিশ করে প্রতিটি অভিযোগ থেকে টাকা গ্রহণ করে অবৈধভাবে আয় করেছেন, যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি নং-৩(ঘ) অনুসারে দুর্নীতি পরায়ণতাও বটে। উপরোক্ত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(খ) বিধি মোতাবেক গুরুদন্ড হিসেবে চাকরি হতে ''বাধ্যতামূলক অবসর প্রদান'' আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ২৪.০৯.২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দন্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, পুলিশ পরিদর্শক জনাব বদরুদ্দোজা (বিপি-৬৯৯৩১০০৩১০), বর্তমানে টিডিএস, ঢাকা হতে বাধ্যতামূলক অবসর এর আদেশপ্রাপ্ত এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(খ) মোতাবেক চাকরি হতে ''বাধ্যতামূলক অবসর প্রদান'' দণ্ডাদেশ হ্রাস করে একই বিধিমালার বিধি ৩(ক) মোতাবেক ''০৫(পাঁচ) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ'' গুরুদণ্ডের আদেশ প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮৩.২৩-৮৭**—যেহেতু, জনাব মোঃ আবুল হোসেন, (বিপি-৭৭৯৯০০৮০৬৫), এসআই, ডিএসবি, রাজশাহী ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, মোহনপুর থানা, রাজশাহী হিসেবে কর্মরত থাকাকালে মোহনপুর থানার মামলা নং-৩০, তারিখ-২৭/৪/২০১৯, ধারা-২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধনী/২০০৩) আইনের ৭/৩০, রুজু হওয়া ও মামলার ভিকটিম মোসাঃ সুমাইয়া আক্তার বর্ষার আত্মহত্যার বিষয়টি ১৯.০৫.২০১৯ তারিখ ''দৈনিক সমকাল'' পত্রিকায় ও ২০.০৫.২০১৯ তারিখ ''দৈনিক আমাদের রাজশাহী'' পত্রিকায় ''বাবাকে পিটিয়ে দাত ভেঙ্গে দিতে চেয়েছিল ওসি'' শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। পত্রিকায় প্রকাশিত শিরোনামের প্রেক্ষিতে আনিত অভিযোগের বিষয়ে অনুসন্ধান কমিটির মতামতের ভিত্তিতে বিভাগীয় মামলা রুজুপূর্বক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, আভিযুক্ত পুলিশ পরিদর্শক জনাব মোঃ আবুল হোসেন এর বিরুদ্ধে ১) যথাসময়ে ধর্তব্য অপরাধের মামলা না নেয়া, ২) মেডিকেল পরীক্ষার দোহাই দিয়ে মামলা না নেয়া ও বিলম্ব করা, ৩) যথাসময়ে ধর্ষণ পরীক্ষার ব্যবস্থা না করে অস্বাভাবিক বিলম্বে অর্থ্যাৎ প্রায় ১২০ ঘন্টা পরে পরীক্ষার ব্যবস্থা করে সরকারি দায়িত্বে গুরুতর অবহেলা করা, ৪) অপহরণ ও ধর্ষণের অভিযোগের মতো গুরুতর অপরাধ সন্দেহে গ্রেফতারকৃত অভিযুক্তকে ছেড়ে দেওয়া, ৫) গুরুতর ধর্তব্য অপরাধের আসামি গ্রেফতার করে বিধি মোতাবেক জেল হাজতে চালান না করা, ৬) গুরুতর ধর্তব্য অপরাধের সংবাদ এবং এর আসামি গ্রেফতার করার সংবাদ ৪দিন অতিবাহিত হলেও জিডিতে কোনো নোট না দিয়ে অপরাধ আড়াল করার চেষ্টা, ৭) হয়রানি এবং দুর্ব্যবহার করা, ৮) ভিকটিমের সামাজিক সুরক্ষা দানে ব্যর্থতার অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) অনুযায়ী ০৫ (পাঁচ) বছরের জন্য ''পুলিশ পরিদর্শক পদ হতে পুলিশ উপ-পরিদর্শক পদে অবনমিতকরণ দণ্ড এবং বিএসআর এর ৫২ বিধি মোতাবেক ''নিম্নপদে অবনমিতকরণ'' দন্ড প্রদানের সময় নিম্নবেতন স্কেলে অর্থাৎ (১৬,০০০-৩৮,৬৪০/-) ১০ম গ্রেডের ৭ম ধাপে মূল বেতন ২১,৪৭০/- টাকা নির্ধারণ করে দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ১৮.০৯.২০২৩ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, জনাব মোঃ আবুল হোসেন (বিপি-৭৭৯৯০০৮০৬৫), এসআই, ডিএসবি, রাজশাহী ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, মোহনপুর থানা, রাজশাহী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) অনুযায়ী ''০৫(পাঁচ) বছরের জন্য ''পুলিশ পরিদর্শক পদ হতে পুলিশ উপ-পরিদর্শক পদে অবনমিতকরণ দণ্ড এবং বিএসআর এর ৫২ বিধি মোতাবেক ''নিম্নপদে অবনমিতকরণ'' দন্ড প্রদানের সময় নিম্নবেতন স্কেল অর্থাৎ (১৬,০০০-৩৮,৬৪০-) ১০ম গ্রেডের ৭ম ধাপে মূল বেতন ২১,৪৭০/- টাকা নির্ধারণের আদেশ বহাল রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৯.২৩-৮৮**—যেহেতু, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব শামীম শেখ (বিপি-৭৫৯৪০০৯২৩৪), লামা থানাধীন ফাইতং পুলিশ ফাড়ির ইনচার্জ, বান্দরবান পার্বত্য জেলা ইতোঃপূর্বে এসআই (নিরস্ত্র), উজিরপুর থানা, বরিশাল জেলায় কর্মকালে জেলা বিশেষ শাখা, বরিশাল স্মারক নং-১০৫৩/ভিআর, তারিখ-০২.১০.২০১০ খ্রিঃ মূলে কং/১০০২ রাজু মিত্রের দেয়া তথ্যাদির সত্যতা যাচাইয়ের লক্ষ্যে উজিরপুর থানায় প্রেরণ করা হলে উজিরপুর থানার অফিসার ইনচার্জের হাওলামতে কং/১০০২ রাজু মিত্রের ভিআর-এ চাহিত তথ্যাদির সত্যতা যাচাইপূর্বক ০৩.১০.২০১০ তারিখ কর্তৃপক্ষের মাধ্যমে পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, বরিশাল বরাবর ভিআর তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তার প্রতিবেদনে রাজু মিত্রের পিতা পরিমল মিত্র পেশায় একজন পান চাষী, তা উল্লেখ করেননি। এমনকি আরসি/২১০ লিখিত ছবিযুক্ত আবেদনপত্রের ৮নং কলামে পিতার পেশা বর্ণিত স্থানে থাকার বিষয়টি সম্পর্কে তিনি কোন মতামত প্রদান করেননি। তাছাড়া প্রার্থী কর্তৃক পূরণকৃত ছাপানো ভিআর ফরমের ৬নং ক্রমিকে পিতার পেশার কলাম খালি (শূন্য) থাকার বিষয়টি লিখিতভাবে তার প্রতিবেদনে উল্লেখ করেননি। তার দাখিলকৃত প্রতিবেদন যথাযথ থাকলে ভেরিফিকেশনে কং/১০০২ রাজু মিত্রের ''পোষ্য'' কোটায় নিয়োগের বিষয়টি আসতো না। ভিআর তদন্তকালে প্রার্থীর দেয়া তথ্য ফরমে প্রদত্ত পিতার পেশা উল্লেখ না করায় বিষয় তিনি আমলে নেননি, যা তার কর্তব্যে অবহেলা হিসেবে প্রতীয়মান হওয়ায় এবং তার সত্যতা প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে ''০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত'' এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ২০.০৯.২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দন্ড মওকুফের প্রার্থনা করেন;

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দন্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

৪। সেহেতু, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব শামীম শেখ (বিপি-৭৫৯৪০০৯২৩৪), লামা থানাধীন ফাইতং পুলিশ ফাড়ির ইনচার্জ, বান্দরবান পার্বত্য জেলা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক ''০২(দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত'' লঘুদন্ডের আদেশ বহাল রাখা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৪.২১-৮৯**—যেহেতু, জনাব সৌমিত্র চাকমা (বিপি-৮৮১৪১৬৬৩০১), সহকারী পুলিশ সুপার এবং স্টাফ অফিসার টু ডিআইজি, রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রাম ০৫.১০.২০১৪ তারিখে কৃষি কর্মকর্তা মুক্তা চাকমাকে ধর্মীয় রীতিনীতি মেনে বিবাহ করে দাম্পত্য জীবন অতিবাহিতকালীন জনৈক সমাপ্তি চাকমা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ বন্ড কমিশনারেট, চট্টগ্রাম এর সাথে অনৈতিক সম্পর্কে জড়িয়ে স্ত্রী ও সন্তানের সাথে উদাসীন আচরণ করেন এবং যোগাযোগ বিচ্ছিন্ন রাখাসহ ভরণপোষণ প্রদানে বিরত থাকেন। তিনি ২৯.০৪.২০১৯ তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষ তার অনৈতিক সর্ম্পকের বিষয়ে জিজ্ঞাসা করলে ঐ সময় তিনি সমাপ্তি চাকমাকে বিবাহ না করেও বিবাহ করেছেন মর্মে মিথ্যা তথ্য প্রদান করেন। পরবর্তীতে তিনি ১ম স্ত্রী কে ডিভোর্স দিয়ে উক্ত সমাপ্তি চাকমাকে বিবাহ করেন। উপরোক্ত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে ১৭.০৮.২০২১ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৪.২১-১৯৫ নম্বর স্মারকমূলে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ০৪.০৯.২০২১ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর আবেদন করেন এবং ০১.০২.২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য ০৭.০৪.২০২২ তারিখে বর্ণিত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তার মতামত অনুসারে অভিযুক্তের বিরুদ্ধে গঠিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

৪। সেহেতু, সার্বিক পর্যালোচনান্তে জনাব সৌমিত্র চাকমা (বিপি-৮৮১৪১৬৬৩০১), সহকারী পুলিশ সুপার এবং স্টাফ অফিসার টু ডিআইজি, রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রাম এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক আদেশ প্রদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য ''বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার'' লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান,** বিপিএএ

সিনিয়র সচিব।

**নৌপরিবহন মন্ত্রণালয়**

**নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **১৮.০০.০০০০.০১৭.২২.০০৩.২৪-১৩৯**—বাংলাদেশ মেরিন একাডেমি কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৪ অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, পাবনা, বরিশাল, সিলেট এবং রংপুরের **১১—২০** গ্রেডভুক্ত পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি নিম্নোক্ত গঠন করা হলো:

**সভাপতি**

১. যুগ্মসচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি ০১ (এক) জন, উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদাসম্পন্ন

৩. অর্থ বিভাগের প্রতিনিধি ০১ (এক) জন, উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদাসম্পন্ন

৪. সংশ্লিষ্ট কমান্ড্যান্ট/ কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত) বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, পাবনা, বরিশাল, সিলেট এবং রংপুর (বিষয় বিশেষজ্ঞ হিসেবে)

৫. বাংলাদেশ সরকারী কর্মকমিশনের প্রতিনিধি ০১ (এক) জন

**সদস্য-সচিব**

৬. উপসচিব (নৌশিক্ষা ও প্রশিক্ষণ), নৌপরিবহন মন্ত্রণালয়

**২। কমিটির কার্যপরিধি:**

ক. সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, পাবনা, বরিশাল, সিলেট এবং রংপুরের বেতন স্কেল এর **১১—২০** গ্রেড পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) সরাসরি নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদানের লক্ষ্যে সুপারিশ করা;

খ. অন্য কোনো বিষয়ে বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধি প্রয়োজন হইলে,যা কোনো বিশেষ পদের সাথে সম্পর্কিত (যেমন ব্যবহারিক পরীক্ষা) সেই ক্ষেত্রে বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন এক বা একাধিক প্রতিনিধিকে উক্ত কমিটিতে সদস্য হিসেবে কো-অপ্ট করা যাবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ শুকরিয়া পারভীন**

উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১৮.০০.০০০০.০১৭.২২.০০৬.২৪-১৫৪**—জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২২ অক্টোবর ২০২৩ তারিখ জারীকৃত ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর ৬(v) মোতাবেক নৌপরিবহন মন্ত্রণালয়ের জন্য নিম্নোক্ত বাছাই কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

ক. অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

**সদস্য**

খ. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা

**সদস্য-সচিব**

গ. উপসচিব (নৌশিক্ষা ও প্রশিক্ষণ), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

**২। কমিটির কার্যপরিধি:**

ক. নীতিমালার আলোকে এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের অধিক্ষেত্র বিবেচনায় অর্থ বছরভিত্তিক ইন্টার্ন সংখ্যা নির্ধারণ।

খ. দপ্তর/ সংস্থা/বিদ্যমান সুযোগের বিপরীতে ইন্টার্নশিপে প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ ও বহুল প্রচার।

গ. ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী ইন্টার্নশিপ প্রদানের নিমিত্ত ইর্ন্টান বাছাই।

৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোসাঃ শুকরিয়া পারভীন**

উপসচিব।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ চৈত্র, ১৪৩০/২৮ মার্চ, ২০২৪

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৭.২৪-৩৯**—যেহেতু, জনাব মোঃ ফারুক হোছাইন (১০৯১৮০০১), উপজেলা নির্বাচন অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর, রিটার্নিং অফিসার হিসেবে হাজীগঞ্জ উপজেলার গন্ধর্ব্যপুর দক্ষিণ ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের উপনির্বাচন-২০২৪ এর দায়িত্ব পালনকালে সাধারণ সদস্য পদে প্রতিদ্বন্দী প্রার্থী জনাব মোঃ মীর হোসাইনকে বিধি বহির্ভূত প্রতীক বরাদ্দ প্রদান করেছেন এবং উক্ত নির্বাচন পরিচালনায় তিনি ব্যর্থ হয়েছেন;

যেহেতু, তার এহেন কার্যের কারণে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক উক্ত নির্বাচন বন্ধ ঘোষিত হয়;

যেহেতু, তাকে সাময়িকভাবে বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন সদয় সিদ্ধান্ত প্রদান করেছেন;

যেহেতু, তাকে জনস্বার্থে সরকারি কর্ম হতে বিরত রাখা আবশ্যক ও সমীচীন;

সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এ ৩৯ (১) ধারার বিধান মোতাবেক জনাব মোঃ ফারুক হোছাইন (১০৯১৮০০১), উপজেলা নির্বাচন অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর-কে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**কর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০/ ২৮ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৮.০০.০০০০.০৩৭.৬৫.০০৫.২৩.১০৩**—বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বস্ত্র অধিদপ্তরের অধীনস্থ শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশালে কর্মরত 'ফোরম্যান' পদ হতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-৩, চট্টগ্রামের "সহকারী কর কমিশনার" পদে যোগদানকারী মোঃ সাইফুদ্দিন খান (২০০৭০৬) এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (২৭ জুন ২০১৬ হতে ০৩ ডিসেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো:

**শর্তসমূহ:**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাহান নিসু**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০/৫ মার্চ ২০২৪

নং **০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.২৩.১৫০**—যেহেতু, জনাব মোঃ আল ইমরান (পরিচিতি নং ১৭৬৪২), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, দুমকী পটুয়াখালী, বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসার, দুমকী হিসাবে কর্মরত থাকাকালে ঐ উপজেলায় তাঁর নির্মিত মাদ্রাসায় ২০ মার্চ ২০২৩ তারিখে শিশু বলাৎকারের ঘটনায় আসল অপরাধ আড়াল করে সরকারি কাজে বাধাদানের অপরাধে বলাৎকারকারীকে মোবাইল কোর্টের মাধ্যমে শাস্তি দেয়া, ১৬ মার্চ ২০২৩ তারিখ অবৈধ বালু উত্তোলনের অপরাধে একটি বার্জ জব্দের পর আসামি পক্ষকে নিয়মানুযায়ী যথাযথ সময় না দিয়ে মাত্র ৩০ মিনিট সময়ের মধ্যে নিলাম ডাকের মাধ্যমে প্রায় ১ কোটি ২০ লক্ষ টাকার বার্জটি মাত্র ১০ লক্ষ টাকায় বিক্রয় করে ক্ষমতার অপব্যবহার করা এবং ১১ মার্চ ২০২৩ তারিখ রাত আনুমানিক ৯.০০ টায় কর্তৃপক্ষের বিনা অনুমতিতে সরকারি গাড়ীসহ বরগুনা জেলার আমতলী উপজেলায় অবস্থান করার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আল ইমরান (পরিচিতি নং ১৭৬৪২) ২০ জুন ২০২৩ তারিখে অর্থাৎ নির্ধারিত সময়সীমার মধ্যে জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ১০ আগস্ট ২০২৩ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু, ব্যক্তিগত শুনানিকালে উপস্থাপিত উভয় পক্ষের বক্তব্য এবং নথি পর্যালোচনায় উল্লিখিত অভিযোগের বিষয়ে ন্যায় বিচার নিশ্চত করা ও প্রকৃত তথ্য উদ্‌ঘাটনের নিমিত্ত অভিযোগটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;এবং

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচারণ সংগঠনের অভিযোগে রুজুকৃত বিবেচ্য বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অসদাচারণের পর্যায়ভুক্ত অভিযোগসমূহের মধ্যে ২০ মার্চ ২০২৩ তারিখে অভিযুক্তের কর্মস্থলে শিশু বলাৎকারের ঘটনায় আসল অপরাধ আড়াল করে সরকারি কাজে বাধাদানের অপরাধে বলাৎকারকারীকে মোবাইল কোর্টের মাধ্যমে শাস্তি দেয়ার অভিযোগটি প্রমাণিত হয়নি; কিন্তু বাকি দুটি অভিযোগ ১৬ মার্চ ২০২৩ তারিখ অবৈধ বালু উত্তোলনের অপরাধে একটি বার্জ জব্দের পর আসামি পক্ষকে নিয়মানুযায়ী যথাযথ সময় না দিয়ে নিলাম ডাকের মাধ্যমে অধিক মূল্যের বার্জ স্বল্প মূল্যে বিক্রয় করে ক্ষমতার অপব্যবহার করা এবং কর্তৃপক্ষের বিনা অনুমতিতে সরকারি গাড়িসহ পার্শ্ববর্তী জেলার উপজেলায় অবস্থান করার মাধ্যমে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক 'অসদাচরণ' সংঘটনের অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আল ইমরান-এর বিরুদ্ধে রুজুকৃত উক্ত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগবিবরণী, তদন্ত প্রতিবেদন, এ প্রসঙ্গে তাঁর লিখিত ও বাচনিক বক্তব্য পর্যালোচনায় দুটি অভিযোগ যার মধ্যে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সরকারি গাড়ি নিয়ে অন্য জেলায় গমন এবং প্রায় ১ কোটি ২০ লক্ষ টাকার বার্জ মাত্র ৬ ঘন্টার সময় দিয়ে ১০ লক্ষ টাকায় নিলামে বিক্রয় করার অভিযোগ প্রমাণিত হয়েছে; যথেষ্ট সময় না দিয়ে তড়িঘড়ি করে নিলাম অনুষ্ঠান করার বিষয়ে জনাব আল ইমরান যে কারণে দেখিয়েছেন তা যৌক্তিক নয়, কারণ তিনি বার্জটি ফেটে যাবার কারণে ডুবে যাওয়ার ভয়ে তাৎক্ষণিক নিলাম করেছেন ১৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে কিন্তু নিলাম ক্রয়কারী জনাব আজাদ বার্জটি ২৩ মার্চ ২০২৩ তারিখে মূল মালিকের কাছে বিক্রয় করেন ; সুতরাং তৎক্ষণিক ডুবে যাবার বক্তব্যটি যথাযথ নয় এবং এর মাধ্যমে হঠকারী সিদ্ধান্ত নেওয়ায় সরকার ও মূল মালিক যেমন ক্ষতিগ্রস্ত হয়েছেন তেমনি মোবাইল কোর্ট প্রশ্নবিদ্ধ হয়েছে; এবং

৬। যেহেতু, তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

৭। সেহেতু, জনাব মোঃ আল-ইমরান (পরিচিত নং-১৭৬৪২), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, দুমকী, পটুয়াখালী, বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮-এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের মাত্রা ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তাঁকে একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁর 'বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত' রাখার লঘুদণ্ড প্রদান করা হলো; তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ ভবিষ্যতে বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না।

৮। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.২৩.১৫১**—যেহেতু, জনাব মোঃ মনজুর হোসেন (পরিচিতি নং-১৭৩৩০), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল, বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় (চাকরি হতে সাময়িক বরখাস্তকৃত) ১০ মার্চ ২০২১ তারিখ হতে ১২ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল হিসেবে কর্মরত থাকাকালে জনাব নুসরাত জাহান তিথি এর সাথে ফেসবুকের মাধ্যমে পরিচয় হওয়ার পর ব্যক্তিগত তথ্য গোপন করে তার সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন করা এবং দুইজন একত্রে ভারতে চিকিৎসার জন্য গিয়ে ১২ দিন অবস্থান করে শিষ্টাচার বহির্ভূত আচরণের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মনজুর হোসেন (১৭৩৩০) ২৯ আগস্ট ২০২২ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক মর্মে ইচ্ছা প্রকাশ করায় ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযোগটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে ২০ জুলাই ২০২৩ তারিখে প্রতিবেদন দাখিল করা হয়; এবং

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদনে অভিযোগকারী কর্তৃক দাখিলকৃত ছবির বিষয়ে কোনো মতামত উল্লেখ না থাকায় ছবিগুলো সাইবার ফরেনসিক, সিআইডি বিভাগে প্রেরণ করে পুনঃতদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য একই তদন্ত কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়; এবং

৪। যেহেতু,তদন্ত কর্মকর্তা কর্তৃক ২৬ ডিসেম্বর ২০২৩ তারিখে দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মনজুর হোসেন এর বিরুদ্ধে জনাব নুসরাত জাহান তিথি এর সাথে ফেসবুকের মাধ্যমে পরিচিত হওয়ায় পর অনৈতিক সম্পর্ক স্থাপন করা এবং একত্রে ভারতে চিকিৎসার জন্য গমণপূর্বক ১২ দিন অবস্থান করে দেশে ফিরে আসার বিষয়টি প্রমাণিত হওয়ার পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়; এবং

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মনজুর হোসেন (পরিচিতি নং-১৭৩৩০), এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁকে গুরুদণ্ড প্রদানের নিমিত্ত ১৮ জানুয়ারি ২০২৪ তারিখের ৪৫ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদানপূর্বক ০৭ কার্য দিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হলে ২৫ জানুয়ারি ২০২৪ তারিখে অর্থাৎ নির্ধারিত সময়সীমার মধ্যে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেন; এবং

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: মনজুর হোসেন এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ, অভিযোগনামা, ও অভিযোগ বিবরণী, প্রাপ্ত প্রতিবেদনসমূহ এবং অভিযুক্ত কর্মকর্তার জবাব পর্যালোচনায় দেখা যায় তিনি নিজে বিবাহিত হয়েও অন্য মহিলার সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন ও তাকে নিয়ে ভারতে যাওয়ার অভিযোগটি প্রমাণিত; যদিও তিনি ফরেনসিক পরীক্ষার জন্য ছবি প্রেরণের বিষয়টিকে এই বিভাগীয় মামলার ক্ষেত্রে অপ্রাসঙ্গিক বলে দাবি করে জবাব দিয়েছেন তথাপি ছবির পাত্র-পাত্রী যে তিনি বা তারা নন এমন দাবি তিনি করেননি সেই বিষয়টি এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ, তিনি প্রকারান্তরে স্বীকার করে নিয়েছেন; ফরেনসিক পরীক্ষার ছবিগুলো বানানো বা ভূয়া বলে সাব্যস্ত হয়নি যা একজন সরকারি কর্মকর্তা হয়েও তথ্য গোপন করে স্ত্রী নন এমন একজন মহিলার সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন করার অভিযোগটিকে প্রমাণ করে এবং তাকে নিয়ে ভারতে যাওয়ার অভিযোগটিও প্রমাণিত; এবং

৭। যেহেতু, তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

৮। সেহেতু, জনাব মোঃ মনজুর হোসেন (পরিচিতি নং-১৭৩৩০), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় (চাকরি হতে সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮-এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'- এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের মাত্রা ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তাঁকে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাঁকে ০১ (এক) বছরের জন্য বেতন স্কেলের একধাপ অবনমন' এর লঘুদণ্ড প্রদান করা হলো; তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের জন্য কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ পরবর্তীতে বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না।

৯। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০/১১ মার্চ ২০২৪

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০১.২৪.৪৯**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বড় মির্জ্জাপুর | ২৭০ | ৯০৬ | ১ | মিঠাপুকুর | রংপুর |
| ০২ | পশ্চিম গোলমুন্ডা | ৫১ | ৩৪৪৩ | ৮ | জলঢাকা | নিলফামারী |
| ০৩ | তিলাই | ৫৩ | ৫৭৮ | ২ | জলঢাকা | নিলফামারী |
| ০৪ | চন্দ্রখানা | ২৮ | ৫৩৭২ | ৫ | ফুলবাড়ী | কুড়িগ্রাম |
| ০৫ | চাকির পাসার তালুক | ৬৪ | ৯৮১ | ১ | রাজারহাট | কুড়িগ্রাম |
| ০৬ | দক্ষিণ ধলডাঙ্গা | ১৩ | ২০৬৫ | ৫ | ভুরুঙ্গামারী | কুড়িগ্রাম |
| ০৭ | উত্তর ধলডাঙ্গা | ১৪ | ১১৬১ | ৫ | ভুরুঙ্গামারী | কুড়িগ্রাম |
| ০৮ | জলঙ্গারকুটী | ১২৩ | ৩৩৪ | ৩ | উলিপুর | কুড়িগ্রাম |
| ০৯ | কচুয়া | ৪২ | ৪৪৫৬ | ২ | গাইবান্ধা | গাইবান্ধা |

তারিখ: ৭ চৈত্র ১৪৩০/২১ মার্চ ২০২৪

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৬.২৪.৫৫**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজার সমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মাইটকোরা | ১৮৮ | ১৯০ | ০১ | রাজবাড়ী সদর | রাজবাড়ী |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৪.২৪.৬০**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | রামদেবপুর | ২৯ | ৮৫১ | ২ | কালিহাতি | টাঙ্গাইল | |
| ০২ | দশসিকা | ৪৫ | ১৭৭৭ | ৩ | কালিহাতি | টাঙ্গাইল | |
| ০৩ | সিলিমপুর | ১৪৬ | ১৬১২ | ২ | কালিহাতি | টাঙ্গাইল | |
| ০৪ | সাতুটিয়া | ১৫৯ | ১০৮৫ | ৮ | কালিহাতি | টাঙ্গাইল | |
| ০৫ | সোমজানী ইদিলপুর | ২৫৭ | ৮১৮ | ১ | কালিহাতি | টাঙ্গাইল | |
| ০৬ | শিমলাপাড়া | ৯১ | ১৮৫৪ | ২ | গোপলপুর | টাঙ্গাইল | |
| ০৭ | আলম নগর | ১২৩ | ৪৬৪৫ | ৫ | গোপলপুর | টাঙ্গাইল | |
| ০৮ | রামদেবপুর | ২৯৭ | ২২৩৭ | ৬ | ঘাটাইল | টাঙ্গাইল | মহামান্য হাইকোর্ট বিভাগে ৭০৩৫/২০১৪ নম্বর রীট থাকায় রীট সংশ্লিষ্ট ০২ নম্বর খতিয়ান ব্যতীত |
| ০৯ | বেকারকোনা | ১৯৯ | ১৪৯২ | ২ | মধুপুর | টাঙ্গাইল | |
| ১০ | রাইনাইদ | ২০৮ | ২০৪৭ | ২ | মধুপুর | টাঙ্গাইল | |
| ১১ | গোলাবাড়ী | ১৫৫ | ৮২৮ | ১ | মধুপুর | টাঙ্গাইল | |

তারিখ: ৬ চৈত্র ১৪৩০/২০ মার্চ ২০২৪

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.১৫.৬৪**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বেতবাড়ী | ৯১ | ১৮৫৯ | ০৩ | উল্লাপাড়া | সিরাজগঞ্জ |
| ০২ | সেখালীপুর | ১৬৫ | ৪৩৮১ | ২০ | নবাবগঞ্জ | চাঁপাই নবাবগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এসএম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ চৈত্র ১৪৩০/২৪ মার্চ ২০২৪

নং **২৩.০০.০০০০.০৬০.২৩.০০২.২৪.৬৫**—বাংলাদেশ নৌবাহিনীতে কর্মরত ৪০ (চল্লিশ) জন নির্বাচিত প্রার্থীদের তাঁদের বীরত্বপূর্ণ ও সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ ২০২৩ সালের জন্য শান্তিকালীন পদক, এককালীন অনুদান ও মাসিক ভাতা প্রদানে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো:

| **ক্র.** | **পি নং/সঃ সংখ্যা** | **পদবি ও নাম** |
|---|---|---|
| **নৌবাহিনী পদক** | | |
| ১. | ৬১৩ | রিয়ার এডমিরাল মোহাম্মদ আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি |
| ২. | ৬২১ | রিয়ার এডমিরাল মোঃ জহির উদ্দিন, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি |
| ৩. | ৬৮৮ | রিয়ার এডমিরাল খোন্দকার মিসবাহ উল আজীম, এনপিপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি |

| | | |
|---|---|---|
| **অসামান্য সেবা পদক** | | |
| ৪. | ৬১৪ | রিয়ার এডমিরাল আশরাফুল হক চৌধুরী, এনবিপি, বিসিজিএম, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি |
| ৫. | ৯৩৯ | কমডোর মোহাম্মদ আব্দুল লতিফ, (এল), এনডিসি, পিএসসি, বিএন |
| ৬. | ৭৩৩ | ক্যাপ্টেন মির্জা মামুন-উর-রশীদ, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন |
| ৭. | ৮০৪ | ক্যাপ্টেন মোঃ মোয়াজ্জেম হোসেন, (এস), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন |
| ৮. | ৯১০২৫৮ | এম আনোয়ার হোসেন, এমসিপিও (এল) |
| **বিশিষ্ট সেবা পদক** | | |
| ৯. | ১০৩০ | কমডোর মির্জা মোহাম্মদ মেহেদী হাসান, (ট্যাজ), পিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন |
| ১০. | ১১৪৭ | ক্যাপ্টেন এম মাহফুজুর রহমান, (এল), পিএসসি, বিএন |
| ১১. | ১২৮৬ | ক্যাপ্টেন এ এন এম ইশতিয়াক জাহান ফারুকী, (জি),পিএসসি, বিএন |
| ১২. | ৯১০০৬৩ | মোঃ আব্দুল মজিদ মিঞা, এমসিপিও (ই) |
| ১৩ | ৯৩০৫৫২ | মোহাম্মদ সাইফুল ইসলাম প্রধান, এমসিপিও (আর) |
| **নৌ গৌরব পদক** | | |
| ১৪. | ১০৪৬ | কমডোর মোহাম্মদ ফয়জুল হক, (সি), পিএসসি, বিএন |
| ১৫. | ১০৪২ | কমডোর এম মহব্বত আলী, (জি), পিএসসি, বিএন |
| ১৬ | ৭৩৫ | ক্যাপ্টেন মোহাম্মদ শামসুল আজম আল ফারুক শিবলী, (এল), বিএন |
| ১৭. | ১০০১ | ক্যাপ্টেন মোহাম্মদ মনিরুল আলম, (এস), পিএসসি, বিএন |
| ১৮. | ১২২৯ | ক্যাপ্টেন রিয়াদ ইবনে জামাল, (ই), পিএসসি, বিএন |
| ১৯. | ৯২০১৪০ | মোহাম্মদ আলমগীর হোসেন, এসসিপিও (এক্স) (সিডি-১) |
| ২০. | ৯২০৪৩২ | এম মুসা মিয়া, এসসিপিও (এক্স), কিউআরপি-১ |
| **নৌ উৎকর্ষ পদক** | | |
| ২১. | ৭৮৩ | ক্যাপ্টেন মোঃ নজরুল ইসলাম, (এন), পিএসসি, বিএন |
| ২২. | ১২২৫ | ক্যাপ্টেন আল ফারুক মাহমুদ হোসাইন, (এন) এএফডব্লিউসি, পিএসসি, বিএন |
| ২৩. | ১২৬৮ | ক্যাপ্টেন মোহাম্মদ গোলাম কিবরিয়া, (ট্যাজ), পিএসসি, বিএন |
| ২৪. | ৯৪৮ | কমান্ডার এম মোস্তফা কামাল রশীদ, (সি), বিসিজিএম, পিপিএম |
| ২৫. | ১৬১১ | কমান্ডার শাহিদা সুলতানা, (এস), পিএসসি,বিএন |
| ২৬. | ১৭৫০ | কমান্ডার এম এ রাইয়ান আল বেরুনী, (ট্যাজ), পিএসসি, বিএন |
| ২৭. | ২১৬৩ | লেঃ কমান্ডার মোঃ শাহজাহান মোল্লা, (এসডি) (এক্স), বিএন |
| ২৮. | ৮৮০৩২৩ | মোঃ শামছুল হক গাজী, এমসিপিও (ক্যাট) |
| ২৯. | ৯০০৫১৬ | এম সাইফুল ইসলাম, এমসিপিও (এক্স) (এসআর-১) |
| ৩০. | ৯২০৪৬৪ | আনোয়ার হোসেন, এমসিপিও (ক্যাট) |
| **নৌ পারদর্শিতা পদক** | | |
| ৩১. | ১৫৩৭ | কমান্ডার মীর বায়েজিদ হোসেন, (জি), পিএসসি, বিএন |
| ৩২. | ১৫৪১ | কমান্ডার মোঃ মোয়াজ্জেম হোসেন, (ই), পিএসসি, বিএন |
| ৩৩. | ১৫৬৭ | কমান্ডার আবু নাঈম মোঃ আশিকুর রহমান, (এনডি), পিএসসি, বিএন |
| ৩৪. | ১৫৯২ | কমান্ডার মোঃ সাইদুর রহমান (ট্যাজ), বিএন |
| ৩৫. | ১৬৫২ | কমান্ডার এ কে এম তরিকুল্লাহ, (এল), পিএসসি, বিএন |
| ৩৬. | ১৮২৯ | কমান্ডার মোঃ মঈনুল হক খান, (এনডি), পিএসসি, বিএন |
| ৩৭. | ২২৯৭ | লেঃ কমান্ডার এম শহীদুলাহ, (শিক্ষা) (এইচ২), বিএন |
| ৩৮. | ৯২০১৫৭ | মোঃ ছলিম উল্যাহ মজুমদার, এমসিপিও (এস) |
| ৩৯. | ৯৮০০৩৬ | মোহাম্মদ আইউব আলী, চীফইআরএ (এস) |
| ৪০. | ২০০৯০৩৬১ | মোঃ ওয়াহিদুর রহমান চৌধুরী, পিও (কুক) |

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৪ ডিসেম্বর ২০১১ তারিখের ১খ-৩/৭৯/ডি-১/(অংশ-১০)/১৫৩০(২) সংখ্যক স্মারক অনুযায়ী উপর্যুক্ত কর্মকর্তা/ নাবিকদের বর্ণিত শান্তিকালীন পদকের জন্য নিম্নোক্তহারে এককালীন অনুদান ও মাসিক ভাতা প্রদানে সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্রমিক | নামের পদকের (প্রস্তাবিত) | এককালীন অনুদান (টাকা) | মাসিক ভাতা (টাকা) |
|---|---|---|---|
| ১. | নৌবাহিনী পদক | ১,৫০,০০০/- | ২,৫০০/- |
| ২. | অসামান্য সেবা পদব | ১,২৫,০০০/- | ২,০০০/- |
| ৩. | বিশিষ্ট সেবা পদক | ১,১৫,০০০/- | ১,৮০০/- |
| ৪. | নৌ গৌরব পদক | ১,০০,০০০/- | ১,৭০০/- |
| ৫. | নৌ উৎকর্ষ পদক | ৮৫,০০০/- | ১,৬০০/- |
| ৬. | নৌ পারদর্শিতা পদক | ৭৫,০০০/- | ১,৫০০/- |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা হাসিন**
উপসচিব।

---

**খাদ্য মন্ত্রণালয়**
**তদন্ত শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০বঙ্গাব্দ/১৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

